জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জয়পৌঃসঃ/সাধাঃ/২০২১-২০২২/ ৬৩/২ তারিখ- ১৯/৯/২১

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটির সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ২১/০৯/২০২১খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ।

২। পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা সম্পর্কে খবরাখবর রাখা এবং তাহাদের সম্পর্কে পুলিশকে তথ্য সরবরাহ করা।

৩। করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউ মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা।

৪। বিবিধ।

সভাপতি
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি
ও
মেয়র
জয়পুরহাট পৌরসভা।
১৫/০৯/২১

প্রাপকঃ

..............................................................
সদস্য, আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি,
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট

পৌরসভার আইন শৃংখলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-

সভাপতি ঃ মেয়র, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২১/০৯/২০২১খ্রিঃ।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম পদবী ও স্বাক্ষরঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১) | জনাব মোঃ সেলিমুর রহমান বাবুল,কাউন্সিলর,জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২) | জনাব মোঃ দেওয়ান ইকবাল হোসেন, কাউন্সিলর,জয়পুরহাট পৌরসভা | সদস্য | " |
| ৩) | জনাবা মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর ,জয়পুরহাট পৌরসভ | সদস্য | " |
| ৪) | জনাবা মোছাঃ মুন্নজান, কাউন্সিলর,জয়পুরহাট পৌরসভা | সদস্য | " |

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করে।

আলোচ্য বিষয়-১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসংগে।

আলোচনাঃ- গত সভার অনুষ্ঠিত কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্ড়রিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ- গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচনা বিষয়-২। পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা সম্পর্কে খবরাখবর রাখা এবং তাদের সম্পর্কে পুলিশকে তথ্য সরবরাহ করা প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি সভায় জানায় যে, জয়পুরহাট পৌরসভার প্রত্যেক ওয়ার্ডে ইতিমধ্যে অপরাধ দমন মূলক সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি গঠিত হয়েছে। সভ্যগণ সভায় জানান যে, পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে মাদকদ্রব্য বিক্রয় ও সেবন স্থান চিহ্নিতসহ সন্ত্রাসী কর্মকান্ড পরিলক্ষিত হলে প্রশাসনের সহায়তা নিয়ে সুমুলে ধবংস করার কথা বলেন এবং ওয়ার্ডের ১/২ টি স্পট এ উঠান বৈঠক এর মাধ্যমে জনগণকে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে বিভিন্ন অপরাধ কার্যক্রম প্রতিরোধে সার্বিক সহযোগীতা করবেন মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করেন। এলাকার অপরাধ দমন উদঘাটন আইন শৃঙ্খলা রক্ষাসহ বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে পুলিশ ও এলাকার জনগনের পারস্পরিক সহায়তায় যৌথ ভাবে অংশীদারীত্বের ভিত্তিতে সমস্যা ও সমস্যার কারন সমূহ চিহ্নিত করে তা সমাধানের পরিকল্পনা ও বাস্তবায়নের পদক্ষেপ নিতে পারে সেই লক্ষে কমিটির কার্যক্রম অব্যাহত রাখাসহ পৌর এলাকার আইন শৃঙ্খলা রক্ষার্থে এলাকাবাসীকে উদ্বুদ্ধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।
আলোচনা কালে সভ্যগণ সভায় জানান যে, পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা পরিলক্ষিত হলে তা সঙ্গে সঙ্গে পুলিশকে অবগত করার কথা বলেন। জনগনের পারস্পরিক সহযোগিতায় যৌথ ভাবে অংশগ্রহন করলে বিভিন্ন বে-আইনি ও সন্ত্রাস মূলক সমস্যার সামাধান করা সম্ভব।

সিদ্ধান্তঃ পুলিশ ও জনগনের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও অংশীদারীত্বের ভিত্তিতে স্ব-স্ব ওয়ার্ডে অপরাধ দমনে সমস্যাগুলি চিহ্নিত করে তা পৌরসভার বিভিন্ন কমিটি যেমন শহর সমন্বয় কমিটি, ওয়ার্ড লেভেল কমিটি ও অন্যান্য কমিটির মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডের সম্মানিত সকল কাউন্সিলরগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রয়োজনে আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তা নেওয়ার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচনা বিষয়-৩। করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউ মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি মহোদয় সভায় জানান যে, পাশ্ববর্তী দেশ ভারতে করেনা ভাইরাসের প্রার্দুভাব বেশী হওয়ায় এবং জয়পুরহাট জেলা ভারত সীমান্তবর্তী হওয়ার কারনে পৌর এলাকায় ব্যাপক হারে করেনা ভাইরাসের প্রার্দুভাব দেখা যাচ্ছে। অমত কারনে পৌর পরিষদের সভায় করোনা রোগী সনাক্ত করন সহ তাদের হোম আইসোলেশন নিশ্চিত করনের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহন করা এবং করোনা পজেটিভ হত-দরিদ্র ও অসহায় পরিবারের মাঝে বিনামুল্যে খাদ্য সামগ্রী বিতরন করনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ পৌর এলাকায় করেনা ভাইরাসের প্রাদুর্ভাব ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ায় জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইক দ্বারা করোনা বিষয়ে সচেতনতা মুলক প্রচার, পৌর পরিষদের সকল সদস্য শহরের বিভিন্ন স্থানে অবস্থান নিয়ে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার বিতরন সহ পৌর এলাকার মধ্যে করোনা পজিটিভ হত-দরিদ্র অসহায় পরিবারের মাঝে বিনামুল্যে খাদ্য সামগ্রী বিতরনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি
ও
মেয়র
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/সাধাঃ/২০২০-২০২১/ ৬৯ (১০)    তারিখ-২১/৯/২১ ২১/০৯/২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
২। পুলিশ সুপার, জয়পুরহাট।
৩। জনাব/জনাবা ................................................সদস্য
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি, জয়পুরহাট পৌরসভা।
৪। অফিস নথি।

সভাপতি
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি
ও
মেয়র
জয়পুরহাট পৌরসভা।
২১/০৯/২১

F:\ F:\UGIIP & TLCC/Regu-law

## জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি।

সভাপতি ঃ মেয়র, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ২১/০৯/২০২১খ্রিঃ।

রোজ ঃ মঙ্গলবার ।

সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

<u>সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর-</u>

| ক্রঃ নং | নাম | পদবী | ফোন/মোবইল নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোলিমুর রহমান বাবুল | কাউন্সিলর ও সদস্য | ০১৭৪৭-২০৯০৮২ | [signature] |
| ২ | মোঃ রেজওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর ও সদস্য | ০১৭১২-৮৫৩২৫৪ | [signature] |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর ও সদস্য | ০১৭২৫-৮১৯৩৮৭ | [signature] |
| ৪ | মোছাঃ ঝুনুজান | কাউন্সিলর ও সদস্য | ০১৭৩৬-৬২৭০৯০ | [signature] |